"হে নাথ! আমি তোমারই হইলাম" বাক্যের দ্বারা এই প্রকার উক্তি, মনেও সেই প্রকার বোধ থাকা, কায়ের দ্বারা নিজ অভীষ্ট প্রাণবল্লভের স্থান আশ্রয় করিলে শরণাগত জন সুখী হইতে পারে। তাহা হইলে পূর্ব্বোক্ত প্রকারে যাহার শরণাগতিটি সর্ব্বাঙ্গসম্পন্না হইবে, তাহার অতি সত্বরই সম্পূর্ণ ফললাভ হইবে। আর যাহার সর্ব্বাঙ্গসম্পন্ন শরণাগতি হয় নাই, কোনও কোনও অংশে কিছু কিছু ত্রুটি রহিয়া গিয়াছে, তাহার শরণাগতির তারতম্যতানুসারে ফলপ্রাপ্তিরও তারতম্যতা বুঝিতে হইবে। ১১।১৯ অধ্যায়ে শ্রীভগবানের নিকটে শ্রীউদ্ধব মহাশয় এই শরণগতির প্রশংসা করিয়া বলিয়াছেন—হে নাথ! এই সংসারপথে ত্রিতাপতাপে পরাভূত সংতপ্যমান্ মানবের রাশি রাশি অমৃতবর্ষী তোমার চরণযুগলরূপ আতপত্র (ছত্র) ভিন্ন অন্য কিছুই শরণ বা আশ্রয় দেখি না। যাহারা তোমার চরণে একান্তভাবে শরণ গ্রহণ করে, তোমার চরণ অসাধারণ মাধুর্য্যবর্ষণ করিয়া তাহাদের সর্ব্বদুঃখ দূর করিয়া থাকে। এই অভিপ্রায়েই চরণযুগলের বিশেষণরূপে বলিলেন—"রাশি রাশি অমৃতবর্ষী" এইরূপ উল্লেখ করা হইয়াছে ॥ ২৩৬ ॥

তদেবং শরণাপত্তিবিবৃতা। অস্যাশ্চাপূর্ব্বত্বং তাং বিনা তদীয়ত্বাসিদ্ধেঃ। তত্র যদ্যপি শরণাপত্ত্যৈব সর্ব্বং সিদ্ধ্যতি, শরণং তং প্রপন্না যে ধ্যানযোগবিবর্জ্জিতাঃ। তে বৈ মৃত্যুমতিক্রম্য যান্তি তদ্বৈষ্ণবং পদম্ ॥ ইতি গারুড়াৎ, তথাপি বৈশিষ্ট্যলিপ্সুঃ শক্তশ্চেৎ ততঃ ভগচ্ছাস্ত্রোপদেষ্টৃণাং ভগবন্মন্ত্রোপদেষ্টৃণাম্ বা শ্রীগুরুচরণানাং নিত্যমেব বিশেষতঃ সেবাং কুর্য্যাৎ। তৎপ্রসাদো হি স্বস্বনানাপ্রতীকারদুস্ত্যজানর্থহানৌ পরম-ভগবৎপ্রসাদসিদ্ধান্তমূলং। পূর্ব্বত্র যথা সপ্তমে শ্রীনারদবাক্যং—অসঙ্কল্পাৎ জয়েৎ কামং ক্রোধং কামবিবর্জ্জনাৎ অর্থানর্থেক্ষয়া লোভং ভয়ং তত্ত্বাবমর্শনাৎ। আন্বীক্ষিক্যা শোকমোহৌ দম্ভং মহদুপাসয়া। যোগান্তরায়ান্ মৌনেন হিংসাং কামাদ্যনীহয়া। কৃপয়া ভূতজদুঃখং দৈবং জহ্যাৎ সমাধিনা। আত্মজং যোগবীর্য্যেণ নিদ্রাং সত্ত্বনিষেবয়া। রজস্তমশ্চ সত্ত্বেন সত্ত্বঞ্চোপশমেন চ। এতৎসর্ব্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ ॥ ইতি। উত্তরত্র বামনকল্পে ব্রহ্মবাক্যম্—যো মন্ত্রঃ স গুরুঃ সাক্ষাৎ যো গুরুঃ স হরিঃ স্বয়ম্। গুরুর্যস্য ভবেৎ তুষ্টস্তস্য তুষ্টো হরিঃ স্বয়ম্ ॥ ইতি। অন্যত্র—হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন। 'তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ ॥ ইতি। অতএব সেবামাত্রন্তু নিত্যমেব। যথা চান্যত্র পরমেশ্বরবাক্যম্—প্রথমন্তু গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনম্। কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ ॥ ইতি। অতএব নারদপঞ্চরাত্রে—বৈষ্ণবং জ্ঞানবক্তারং যো বিদ্যাদ্ বিষ্ণুবদ্ গুরুম্। পূজয়েদ্ বাঙ্মনঃ-কায়ৈঃ স শাস্ত্রজ্ঞঃ সঃ বৈষ্ণবঃ। শ্লোকপাদস্য বক্তাপি যঃ পূজ্যঃ স সদৈব হি। কিং পুনর্ভগবদ্বিষ্ণোঃ স্বরূপং বিতনোতি যঃ। ইত্যাদি। পাদ্মে দেবদ্যুতিস্তুতৌ—ভক্তির্যথা হরৌ মেঽস্তি তদ্বরিষ্ঠা গুরৌ যদি। মমাস্তি তেন সত্যেন সন্দর্শয়তু মে